City College
Internal examination - 2020
Philosophy (Hons)
Semester - 4 (CC-10)

Date: 27.11.20 F.M - 10 Time - 1 hr.

যে কোন ১০টি প্রশ্নের উত্তর দাও।

১। যদি ক ব্যক্তির খ এর ধারণা থাকে তাহলে সে খ এর সংজ্ঞা দিতে পারে — সত্য না মিথ্যা?

২। যদি ক ব্যক্তির খ এর মনশ্চিত্র থাকে তাহলে তার খ এর ধারণা আছে — সত্য না মিথ্যা?

৩। ১০৫৭৯৮ সংখ্যাটির জ্ঞানের উৎস কি?

৪। বুদ্ধির প্রত্যয় ইন্দ্রিয় প্রত্যক্ষলব্ধ ধারণার অধীন — কে বলেছেন?

৫। হসপার্সের মতে লক কোন কোন ধারণাকে প্রদর্শক সংজ্ঞার মাধ্যমে জানা যায় বলেছেন?

৬। তুমি একটি সত্যকার বৃত্ত আঁকতে পারো না — এখানে সত্য কথাটি কোন অর্থে ব্যবহার করা হয়েছে?

৭। বিষুবরেখা সত্যি কোন প্রাকৃতিক স্থান নয় — এখানে সত্য কথাটি কোন অর্থে ব্যবহার করা হয়েছে?

৮। আমার বোধ হচ্ছে তুমি অসুস্থ বোধ করছ — এখানে 'বোধ' এর ওপর ভিত্তি করে বাক্যটিকে কি সত্য বলা যাবে?

৯। আমি মেয়েটিকে ভালবাসি — এটি বর্তমান অবস্থাবোধক না প্রবণতাবোধক?

১০। বাচনিক জ্ঞানের শর্তগুলি কি?

১১। ধারণার লাভের অর্থ ও অভিজ্ঞতাবাদী মত কি?

১২। যুগ্ম সংখ্যা মাত্রই দুটি মৌল সংখ্যার যোগফল — অভ্যাসের ওপর নির্ভর করে বাক্যটিকে কি সত্য বলা যাবে?

১৩। আমি সাঁতার কাটতে জানি — এখানে জানা কথাটি কোন অর্থে ব্যবহার করা হয়েছে?

১৪। আমার দাঁত ব্যথা করছে — এই বাক্যটির সত্যতা নির্ধারণের জন্য শব্দের অর্থবোধ ছাড়া আর কিছু লাগবে?

১৫। আমি জানি যে তুমি দাঁতব্যথায় ভুগছ — এখানে জানা কোন অর্থে ব্যবহার করা হয়েছে?